ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



কাঙ্ক্ষিত চরিত্র খুঁজে পেয়েছেন রানী, এবার ফেরার পালা

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রোহিতের ৬০০ ছক্কার রেকর্ড

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৫৯ ● কলকাতা ● ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● বুধবার ● ১২ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## প্রশাসনিক বৈঠক থেকে পুলিশের একাংশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মঙ্গলবার প্রশাসনিক বৈঠক থেকে পুলিশের একাংশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সঙ্গে পষ্টাপষ্টি হুঁশিয়ারিও দিলেন তাঁদের। সূত্রের খবর, এদিনের প্রশাসনিক বৈঠকে যখন ওভারলো􏰀ড ট্রাকের প্রসঙ্গ মমতা বন্দ্যোপাধ্যায় তোলেন তখন পিন পড়লেও হয়তো শব্দ পাওয়া যেত। শুধু এ ব্যাপারেই নয়, প্রশাসনিক কর্তাদের এদিন ভালভাবে অনেক কিছু সমঝে দিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর স্পষ্ট কথা, অনেক অফিসারই দু'দিকে তাল দিয়ে চলছেন। মুখ্যমন্ত্রীর সচিবালয়, স্বরাষ্ট্র দফতর এবং অর্থ দফতরের কাগজ, ফাইল নোটিং সব বেরিয়ে যাচ্ছে। কে এগুলো বের করছেন, কারা ফাঁস করছেন, সে প্রশ্নও তুলেছেন মুখ্যমন্ত্রী।মুখ্যমন্ত্রীর

এরপর ৩ পাতায়

## ওড়িশার পরবর্তী মুখ্যমন্ত্রী হতে চলেছেন মোহন চরণ মাঝি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সব জল্পনার অবসান। ওড়িশার পরবর্তী মুখ্যমন্ত্রী হতে চলেছেন মোহন চরণ মাঝি। মঙ্গলবার (১১ জুন), বিকেলে চারবারের এই বিধায়ককেই বিজেপির পরিষদীয় দলের নেতা তথা রাজ্যের পরবর্তী মুখ্যমন্ত্রী হিসেবে মনোনীত করল বিজেপির বিধানসভা দল। বৈঠকে পর্যবেক্ষক হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং এবং ভূপেন্দর যাদব।প্রাথমিকভাবে মনে করা হয়েছিল, ওড়িশার পরবর্তী মুখ্যমন্ত্রী করা হতে পারে বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে। কিন্তু, গত ৯ জুন, তৃতীয় মোদী মন্ত্রিসভায় কেন্দ্রীয় মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন তিনি। তারপর থেকে জল্পনা চলছিল চারটি নাম নিয়ে্ মনমোহন সামাল, সুরেশ পুজারী, কেভি সিং দেও এবং মোহন চরণ মাঝি। মনে করা হচ্ছিল, মুখ্যমন্ত্রী হওয়ার বিষয়ে এগিয়ে রয়েছেন রাজ্য বিজেপি সভাপতি মনমোহন সামালই। কিন্তু, শেষ পর্যন্ত শিকে ছিঁড়ল মোহন চরণ মাঝির।

জানা গিয়েছে, আগামীকাল অর্থাৎ, ১২ জুনই শপথ গ্রহণ করবেন ওড়িশার নতুন মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রি পরিষদ।

ওড়িশা সরকার জানিয়েছে, এই শপথগ্রহণ অনুষ্ঠানের জন্য ১২ জুন দুপুর ১টার পর, ভুবনেশ্বরের সমস্ত রাজ্য সরকারি অফিস এবং আদালতগুলি বন্ধ থাকবে। ভুবনেশ্বরে অর্ধদিনের ছুটি

এরপর ৩ পাতায়

## এপ্রিল থেকেই ডিএ বাড়ছে রাজ্য সরকারি কর্মীদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এপ্রিল থেকেই ডিএ বাড়ছে রাজ্য সরকারি কর্মীদের। মে মাসের ডিএ সহ বেতন ইতিমধ্যেই পেয়ে গিয়েছেন সরকারি কর্মীরা। এবার এপ্রিলের বকেয়া ডিএ-ও পেয়ে যাবেন তাঁরা। অর্থাৎ জুন মাসের শেষ তারিখ সরকারি কর্মীদের যে বেতন ঢুকবে তাতে তাঁরা এপ্রিল মাসের বকেয়া সঙ্গে এ মাসেরও ডিএ পাবেন। রাজ্য সরকারি কর্মীদের জন্য মঙ্গলেই এই সুখবর সামনে আসে। এদিনের এই বিজ্ঞপ্তি প্রসঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, ' ১ মে থেকে বর্ধিত হারে ডিএ দেওয়া হবে। টাকা পাবেন জুনে। আমি আলোচনা করে ঠিক করলাম, ১ মে থেকে নয়, ১ এপ্রিল থেকে টাকাটা দেব।' উল্লেখ্য, গত বছর ২১ ডিসেম্বর সরকারি কর্মীদের জন্য ৪ শতাংশ ডি এ ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দেড় মাসের মাথায় ফের বাজেটে ৪ শতাংশ উঅ-র ঘোষণা করা হয়।স্বাভাবিকভাবেই এই খবরে খুশি সরকারি কর্মীদের একটা বড় অংশ। আবার অন্য একটা অংশের আক্ষেপ, 'কেন্দ্র রাজ্যের ডিএর পার্থক্য সেই থেকেই গেল!' খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর আগে এক মাসের অতিরিক্ত ডিএ দেওয়ার কথা ঘোষণা করেছিলেন । ভোট মিটে যাওয়ার পর মঙ্গলবার বিজ্ঞপ্তি জারি করল নবান্ন। সব মিলিয়ে রাজ্য সরকারি কর্মীদের মোট ডিএ হল ১৪ শতাংশ। সরকারি কর্মীরা মানছেন, কথা রাখলেন মুখ্যমন্ত্রী। গত মাসের ৩০ তারিখ বৃহস্পতিবার বাজেটে ঘোষণা মতো সাত সকালেই ডিএ-সহ মে মাসের বেতন ঢুকে গিয়েছিল রাজ্য সরকারি কর্মীদের। রাজেয়র সমস্ত ক্ষেত্রের সরকারি কর্মীরাই অফিস পৌঁছনোর আগেই বেতন ঢোকার মেসেজ পেয়ে গিয়েছিলেন। মাস শেষেরও একদিন আগে বেতন ঢুকে গিয়েছিল। সাধারণত মাসের শেষ দিন অথবা তার একদিন আগে বেতন ঢোকে সরকারি কর্মীদের।

## ভোট মিটলেও অশান্তি থামছে না



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোট মিটলেও অশান্তি থামছে না। কোচবিহারে তৃণমূল সমর্থককে লক্ষ্য করে গুলি চালানোর অভিযোগ দুষ্কৃতীদের বিরুদ্ধে। কাকদ্বীপে বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুর ও মেয়েকে অপহরণের হুমকির অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। রাজ্যের দুই প্রান্তের পৃথক দুই ঘটনায় পুলিশের দ্বারস্থ আক্রান্তরা। স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার রাতে ওই এলাকা থেকে শাসকদলের একটি বিজয় মিছিল যাচ্ছিল। অভিযোগ, শাসকদলের আশ্রিত দুষ্কৃতীরা রাজারাম প্রধান নামে ওই বিজেপি কর্মীর বাড়িতে চড়াও হয়। তাঁর বাড়ি ভাঙচুর করে। এমনকী তাঁর মেয়েকে অপহরণের হুমকি দেয়। যা নিয়ে আতঙ্কে পরিবার। অভিযোগ, ঘটনার নেপথ্যে গ্রাম পঞ্চায়েতেরই প্রধান মনোরমা মিদ্যা পণ্ডিত ও তাঁর

এরপর ৩ পাতায়







# আর্মড ফোর্সে উৎসাহী উদ্যোগ গড়ল বিএসএফ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর্মড ফোর্সে যোগদানে উৎসাহী করতে উদ্যোগ নিল বিএসএফ। ১১ বেঙ্গল ব্যাটেলিয়ন এনসিসির কম্বাইনড বার্ষিক ট্রেনিং ক্যাম্পে বিএসএফের জীবনযাত্রা তুলে ধরার পাশাপাশি অস্ত্র প্রদর্শনীও আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিএসএফের মালদা সেক্টরের ডিআইজি ভি টি কায়ারকর, বিএসএফের মালদা সেক্টরের সিও, এনসিসি মালদা জোনের কমানড্যান্ট সহ অন্যান্যরা।

ডিআইজি বলেন, আজ ১১ বেঙ্গল ব্যাটেলিয়ন এনসিসির কম্বাইনড বার্ষিক ট্রেনিং ক্যাম্প চলছে। এনসিসি ক্যাডেটদের উৎসাহিত করতে বিএসএফের পক্ষ থেকে আমরা এসেছি। কীভাবে সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে যোগদান করা যায়, কোন কোন পদে তারা যোগদান করতে পারেন সে সব তথ্য আমরা তাদের সামনে তুলে ধরেছি। পাশাপাশি আজ এখানে অস্ত্র প্রদর্শনীও করা হয়েছে।

# লোকসভা ভোট পরবর্তী হিংসা ও এলাকায় অপ্রীতিকর ঘটনা না ঘটে সেই জন্য

## রায়দীঘি থানার আই সি দেবর্ষি সিনহার নেতৃত্বে বিভিন্ন এলাকায় কেন্দ্র বাহিনীর রুটমার্চ



**রায়দিঘি: নিউজ সারাদিন :** লোকসভা ভোটের শেষে বারবার উত্তপ্ত হয়ে উঠেছে বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনার সন্দেশখালি, ভাঙড়, কুলতলির মতো একাধিক এলাকা। ভোটপরবর্তী সময়েও এখনো সেই একই চিত্র দেখা যাচ্ছে বেশ কিছু এলাকায়। এর মধ্যে যেমন পশ্চিমবঙ্গে শাসকদল ও বিরোধীদের মধ্যে সংঘর্ষের ঘটনা রয়েছে । রাজনৈতিক সংঘর্ষের অভিযোগ উঠে এসেছে একাধিক স্থান থেকে ও। মারামারি,ভয় দেখানো, বোমাবাজি এমনকি হত্যার অভিযোগও রয়েছে তালিকায়। এই পরিস্থিতির কথা মাথায় রেখে রাজ্যে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখার মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। আগামী ১৯শে জুন পর্যন্ত মোট ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনীর সদস্য মোতায়েন থাকবে বলে জানা যায় বিভিন্ন জেলায়।

এদিকে ভোট পরবর্তী হিংসা ও এলাকায় কোনো অপ্রীতিকর ঘটনা যেনো না ঘটে সেই কারণে আজ রায়দিঘি থানার আইসি দেবর্ষি সিনহার উদ্যোগে রায়দিঘির বিভিন্ন এলাকায় চলছে কেন্দ্র বাহিনীর রুটমার্চ। সূত্রে জানা যায় লোকসভা নির্বাচনে বিশ্ব রেকর্ড গড়েছে ভারত। মোট প্রায় ৬৪.২ কোটি ভোটার ভোট দিয়েছেন। নির্বাচন কমিশনার তিনি জানিয়ে ছিলেন গতবারের তুলনায় এবার পুনর্নির্বাচনের সংখ্যা অনেক কম।২০১৯-এর লোকসভা নির্বাচনে যেখানে ৫৪০টি পুনর্নির্বাচন হয়েছিল, এবার সেখানে মাত্র ৩৯টি পুনর্নির্বাচন হয়েছে। এই তালিকায় রয়েছে পশ্চিমবঙ্গে দু'টি লোকসভা কেন্দ্র- বারাসাত এবং মথুরাপুরের দুটি বুথে। নির্বাচন কমিশনার তিনি এও বলেছেন পশ্চিম বঙ্গে মানুষ বুলেটের পরিবর্তে ব্যালটে জবাব দিয়েছে। তবে তিনি আশ্বাস দিয়েছিলেন শান্তি বজায় রাখতে উত্তরপ্রদেশ, মনিপুর, পশ্চিম বঙ্গসহ একাধিক রাজ্যে আপাতত কেন্দ্রীয় বাহিনী থাকবে। এলাকায় কেন্দ্র বাহিনীর রুটমার্চ দেখে কিছুটা হলেও স্বস্তির নিঃশ্বাস পাচ্ছে এলাকাসাবাসি।

# পার্ক স্ট্রিটের বহুতলে আগুন



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** পার্ক স্ট্রিটের বহুতলে বিধ্বংসী আগুন মঙ্গলবার সকালে। সকাল সাড়ে দশটা নাগাদ ২৪ নম্বর পার্ক স্ট্রিটের একটি বহুতলে আগুন লাগে। তাতেই হঠাৎ আতঙ্ক ছড়িয়ে পড়ে। সেই বিশাল আগুনের ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা। কালো ধোঁয়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে দ্রুত। ঘটনাস্থলে প্রাথমিক ভাবে ছ'টি দমকলের ইঞ্জিন পৌঁছে যায়। আসতে থাকে আরও ইঞ্জিন। উল্লেখ্য, অ্যালান পার্কের পাশের একটি ক্যাফের উপরের তলায় আগুন লাগে বলে জানা যায় ।

প্রাথমিক ভাবে দমকলকর্মীরা ঘটনাস্থলে পৌঁছয়। সেখানে, সেই ক্যাফেতে ছিল দাহ্যবস্তু ভর্তি। তাই আগুন ছড়িয়ে পড়া আটকাতে একের পর এক গ্যাস সিলিন্ডার বার করে নিয়ে আসতে শুরু করেন দমকলকর্মীরা। আর ভিতরে কেউ আটকে আছেন কী না, তাও এখনও স্পষ্ট নয়। আপাতত পার্শ্ববর্তী এলাকায় যাতে আগুন ছড়িয়ে না পড়ে, সেই চেষ্টা চালাচ্ছেন দমকলকর্মীরা। পাশাপাশি, আগুন নিয়ন্ত্রণের সময় কোনও দুর্ঘটনা না ঘটে, সেই কারণেই এলাকা থেকে ভিড় সরাচ্ছেন পুলিশকর্মীরা।

আগুনের শিখা দেখে কার্যত কান্নায় ভেঙে পড়েছেন ওই বাড়ির ভিতরে থাকা ব্যবসায়ীক প্রতিষ্ঠানের মালিকরা। তাঁরা বলছেন, এখনও স্পষ্ট হচ্ছে না, কেন আগুন লেগেছে। এখনও আগুনের উৎসস্থল সম্পর্কে স্পষ্ট কোনও ইঙ্গিত দিতে পারেনি দমকল কর্মীরা।









# আজকের নারীদের উদযাপন করতে

## প্লাটিনাম গিল্ড ইন্টারন্যাশনাল (পিজিআই) ইন্ডিয়া এবং সেনকো গোল্ড ডায়মন্ডস& প্লাটিনাম এভারা নোভা কালেকশন' উন্মোচন করলো



কলকাতা ১১ই জুন ২০২৪: নিউজ সারাদিন : প্লাটিনাম গিল্ড ইন্টারন্যাশনাল (পিজিআই) - ভারত, সেনকো গোল্ড এবং ডায়মন্ড এর সহযোগিতায়, মূর্ত আবেগ, সমৃদ্ধি এবং শক্তিশালীকরণ প্রতীক্ষা করে 'প্লাটিনাম এভারা নোভা কালেকশন' প্রস্তুত করেছে। যা আধুনিক নারীকে প্রতিষ্ঠান, সুখ, সমৃদ্ধি প্রতিনিধিত্ব করে। সেনকো গোল্ড এবং ডায়মন্ডস ভারত প্রায় আট দশকের লেগেসি রাখে, উচচ মানের জুয়েলারির জন্য পরিচিত, যা ক্রাফটম্যান শিপ, অসাধারণ নকশা এবং অস্মিতা মেলায়। সৃজনশীলতা এবং কারুকলা উপেক্ষা করে, নতুন প্লাটিনাম জুয়েলারি কালেকশন বিভিন্ন অনুষ্ঠানের জন্য পরিবর্তনশীল মন্ত্রণা রেখে প্রবর্তন হতে পারে।

প্লাটিনাম এভারা নোভা কালেকশন এর স্বাভাবিক বৈশিষ্ট্য প্লাটিনাম হিসাবে - সাফ রেখা, সাধারণ এবং স্মরণীয় অসময় শোভা, এবং শ্রেষ্ঠত্ব, আজকের বহু-মুখী মহিলাদের গতিশীল আত্মার সাথে সাঙ্গতিকরভাবে তালিকা করার জন্য তৈরি করা। ৯৫% শুদ্ধ প্লাটিনাম থেকে নির্মিত কালেকশনের প্রতিটি কাঠামো প্লাটিনামের ব্যাপ্তি এবং সৌন্দর্য দেখায়, যা সূক্ষ্ম ডায়মন্ড এবং অন্যান্য মূল্যবান পাথর, এবং লাল স্বর্ণের ছেঁকের সাথে পূরণ করা হয়েছে। প্লাটিনামের প্রাকৃতিকভাবে সাদা প্রকাশ ত্বক নেতৃত্ব রচনায় গল্পটি আধুনিকতা এবং শোভায় এক ধরনের মুক্তি দেয়।

সংগ্রহটিতে আকর্ষণীয় থিম অন্তর্ভুক্ত করা হয়েছে যার মধ্যে রয়েছে জৈব নেতিবাচক স্থান, নরম-স্তরকরণ এবং অনন্য মাত্রার পাশাপাশি সূক্ষ্ম এবং পরিষ্কার রেখা, স্কেল এবং খাঁজ এবং বাঁকা আকৃতির মতো উপাদান যা নকশাগুলিকে তাতক্ষণিকভাবে উন্নত করে, যার ফলে এক-এক ধরনের এবং সমসাময়িক টুকরা। সংগ্রহের হাইলাইট গুলির মধ্যে রয়েছে নেকওয়্যারের টুকরোগুলি, যার মধ্যে রয়েছে দ্বি-ধাতুর চেইন নেকলেস যা গোলাপী সোনার অ্যাকসেন্টের পাশাপাশি হীরা দিয়ে সজ্জিত প্ল্যাটিনাম, জটিল ডিজাইন সমন্বিত স্টেটমেন্ট কানের দুল এবং ঘন ঘন পরিধানের জন্য ডিজাইন করা নমনীয় ব্রেসলেট।

সংগ্রহের বিষয়ে কথা বলতে গিয়ে, সেনকো গোল্ড & ডায়মন্ডস-এর সিইও এবং এমডি, শুভঙ্কর সেন, বলেন, "আমরা পিজিআই ভারত সহ মহিলাদের জন্য নতুন প্লাটিনাম এভারা নোভা সংগ্রহটি উন্মুক্ত করতে এক্সাইটেড। আজকের নারীরা বহু-মুখী; তারা তাদের স্বপ্ন অনুসরণ করছেন, তাদের ভালো আত্মায় পরিণত হচ্ছেন, এবং তাদের নিকটবর্তী সম্ভাবনাগুলি প্রদর্শন করছেন যা তারা নতুন পথে মোড়ায় এসেছেন। তাদের আন্তরিক আত্মবিশ্বাস এবং অতিরিক্ত শক্তি থেকে প্রেরিত, সংগ্রহটি 'নতুন বিশ্ব, নতুন আমি' মূলমন্ত্রের চারপাশে ঘোষণা করে যা এই নারীদের উদ্দীপনা এবং মহৎ শক্তিতে প্রাক্কৃতিকর করে। আমাদের অভিজ্ঞতার মাধ্যমে, আমরা ডায়মন্ড, মূল্যবান পাথর এবং লাল স্বর্ণের অনুসারে প্লাটিনাম যেমন একটি দুর্লভ ধাতুর সাথে প্রযুক্তি ব্যবহার করেছি যাতে কালেকশনে আধুনিক দেখানো ও অনুভূতি দেওয়া যায়। এই সংগ্রহের মাধ্যমে, আমরা নারীদের বহুমুখী হওয়া প্লাটিনাম জুয়েলারি প্রদান করতে চাইছি যা তাদের ব্যক্তিত্ব এবং অঙ্গীকারগুলো প্রতিফলিত করে।"

লঞ্চের বিষয়ে মন্তব্য করতে গিয়ে, বৈশালী ব্যানার্জি, এমডি, পিজিআই ইন্ডিয়া, বলেন, "প্ল্যাটিনাম ইভারা নোভা কালেকশন প্রবর্তনের মাধ্যমে সেনকো গোল্ড অ্যান্ড ডায়মন্ডসের সাথে আমাদের অংশীদারিত্ব আরও গভীর করতে পেরে আমরা রোমাঞ্চিত। এই সংগ্রহ আধুনিক নারীদের স্বদেশীয় পছন্দ এবং পছন্দের প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রতিষ্ঠান - বহুমুখী, শক্তিশালী এবং অবিশ্বাস্যভাবে তারা নিজেদের নিজেদের প্রতি। পিজিআই-তে, আমরা নতুন প্লাটিনাম জুয়েলারির জন্য নতুন সুযোগ খুঁজে বের করতে চেষ্টা করি যেখানে নতুনত্ব ব্যবহার করা হয়। এই সংগ্রহটি আমাদের নিষ্ঠা প্রতিষ্ঠা করে যে আমরা যেহেতু আমাদের গ্রাহকদের অঙ্গীকার এবং একত্রিত প্রত্যাশা সাথে মৌলিক এবং সমকালীন প্লাটিনাম জুয়েলারি প্রদানে।"

ভারতীয় টাকা ২০ হাজার থেকে ৬০ হাজারের এর দামে নতুন প্লাটিনাম এভারা নোভা সংগ্রহটি সারা দেশে এখন সিলেক্টেড সেনকো গোল্ড ডায়মন্ডসের স্টোরে পাওয়া যাচ্ছে।

আরও তথ্যের জন্য, https://platinumevara.com/ দেখুন।



অশান্তির পূর্বাভাস পেয়েও

## মাদ্রাসা-মসজিদে বুলডোজার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** দুবার বিষধর সাপে কামড় দেওয়ার পরেও জীবন্ত সাপ ধরে নিয়ে চিকিৎসার জন্য হাসপাতালে হাজির হলেন এক গৃহবধূ। সাতসকালে এক গৃহবধুর হাতে জীবন্ত সাপ দেখে স্তম্ভিত হয়ে যায় হাসপাতালের অন্যান্য রোগী সহ রোগীর পরিবার পরিজন সহ চিকিৎসকরা। সকালে ঘটনাটি ঘটেছে কুলতলি থানার অন্তর্গত গঙ্গাধরপুর গ্রামে।পরিবারের লোকেরা যদিও তাঁকে বারুইপুর হাসপাতালে না নিয়ে গিয়ে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে আসেন। ক্যানিং মহকুমা হাসপাতালে ওই গৃহবধূকে ৫০টি সাপে কামড়ানো প্রতিষেধক এভিএস দেওয়া হয়। শারীরিক পরিস্থিতির অবনতি হলে সিসিইউতে স্থানান্তরিত করেন চিকিৎসকরা। ঘটনা প্রসঙ্গে ক্যানিং মহকুমা হাসপাতালের সর্প বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সমরেন্দ্র নাথ রায় জানিয়েছেন, 'সময় নষ্ট না করে হাসপাতালে এসেছিলেন পূর্ণিমা দেবী। ফলে দ্রুততার সঙ্গে চিকিৎসা পরিষেবা দেওয়া সম্ভব হয়েছে। বর্তমানে সুস্থ রয়েছেন তিনি।' পরিবারের লোকেরাও জানিয়েছেন যে তিনি সুস্থ রয়েছেন।বর্তমানে ওই বধূ ক্যানিং মহকুমা হাসপাতালের সিসিইউ বিভাগে চিকিৎসাধীন রয়েছেন।

স্থানীয় ও হাসপাতাল সূত্রে জানা গিয়েছে কুলতলি থানার অন্তর্গত গঙ্গাধরপুর গ্রামের বাসিন্দা পূর্ণিমা হালদার। মশারি টাঙিয়ে ঘুমিয়েছিলেন। ভোর নাগাদ ঘুম থেকে উঠে কাজে বেরিয়ে যান স্বামী। এদিকে ওই গৃহবধূর অলক্ষ্যে একটি কালাচ সাপ বিছানায় ঢুকে পড়ে। তারপর ওই গৃহবধূকে পর পর দুবার কামড় দেয়। একবার কামড় খাওয়ার পরই সাপটি ধরতে যান ওই গৃহবধূ। তখন আবারও একবার কামড় দেয়। এরপরই ওই গৃহবধূ তাঁর পরিবারের সদস্যদের ঘুম ভাঙিয়ে ঘটনার কথা বলেন। পরিবারের সদস্যরা বিছানা থেকে কালাচ সাপটি উদ্ধার করেন। সাপটি একটি কৌটোয় ভরে ফেলেন। এরপর জীবন্ত সাপ নিয়ে ওই গৃহবধূ জামতলার কুলতলি-জয়নগর হাসপাতালে হাজির হন চিকিৎসার জন্য। চিকিৎসকরা তাঁর চিকিৎসা শুরু করেন। কিন্তু মুহূর্তে ওই বধূর শারীরিক অবস্থার অবনতি হলে চিকিৎসকরা তাঁকে বারুইপুর মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করেন।

১-ম পাতার পর

# ওড়িশার পরবর্তী মুখ্যমন্ত্রী হতে চলেছেন মোহন চরণ মাঝি

ঘোষণা করা হয়েছে। ১২ জুন বিকেল পৌনে পাঁচটায় ভুবনেশ্বরের জনতা ময়দানে শুরু হবে এই শপথ গ্রহণ অনুষ্ঠান। প্রসঙ্গত উল্লেখ্য, এই অনুষ্ঠানে যোগ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর জন্য, বুধবার দুপুর আড়াইটায় তিনি ভুবনেশ্বরে পৌঁছাবেন। বিমানবন্দর থেকে সরাসরি রাজভবনে যাওয়ার কথা তাঁর। এছাড়া, বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরা, এবং ওড়িশার বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে। এর জন্য, জনতা ময়দানে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থার পরিকল্পনা করেছে ওড়িশা পুলিশ।উপমুখ্যমন্ত্রী হিসেবে নাম ঘোষণা করা হয়েছে কনক বর্ধন সিং দেও এবং প্রবতী পারিদা-র। রাজ্য বিধানসভা নির্বাচনে বড় পরাজয়ের ফলে, বিজু জনতা দলের প্রধান নবীন পট্টনায়কের ২৪ বছরের শাসনকালের অবসান ঘটেছে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২০০০ এবং ২০০৪ সালে বিজে□ডির জোট সঙ্গী হিসেবে সরকারের অংশ ছিল বিজেপি। তবে এইবারই প্রথম, নরেন্দ্র মোদীর দল একক শক্তিতে ওডিশায় সরকার গঠন করছে। কেওনঝার আসনে, ৮৭,৮১৫ ভোটের বিশাল ব্যবধানে বিজেডির মিনা মাঝিকে পরাজিত করেছেন মোহন চরণ মাঝি। বস্তুত, ২০০০ সাল থেকেই এই আসনটি তাঁর দখলে রয়েছে। এই আসন থেকে এইবার নিয়ে পরপর চারবার বিধায়ক নির্বাচিত হয়েছেন তিনি। ৪ জুন ফল প্রকাশের এক সপ্তাহ পর, ওড়িশার পরবর্তী মুখ্যমন্ত্রীর নাম জানা গেল। ১৪৭ টি বিধানসভা আসনের মধ্যে এবার বিজেপি ৭৮টি আসনে জিতে সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। গত ২৪ বছর ধরে শাসন করা, নবীন পট্টনায়কের বিজু জনতা দল পেয়েছে ৫১টি আসন। এছাড়া, কংগ্রেস ১৪টি, সিপিআইএম ১টি আসনে জিতেছে এবং আরও ৩ জন নির্দল প্রার্থী জয়ী হয়েছেন।

১-ম পাতার পর

# প্রশাসনিক বৈঠক থেকে পুলিশের একাংশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

অসন্তোষের কারণ দুটি। এক, রাতের বেলায় ওভারলোড ট্রাক থেকে টাকা তুলছে পুলিশের একাংশ।একটা কোড ব্যবহার করা হচ্ছে। তার পর সেই টাকা চলে যাচ্ছে কাঁথিতে।

ওভারলোড ট্রাক থেকে পুলিশের একাংশ যে টাকা তোলে সে ব্যাপারে সাধারণ মানুষের অনেকেরই বিস্তর অভিজ্ঞতা রয়েছে। অনেকে অভিযোগ করেন, হাত বাড়িয়ে পুলিশের একাংশকে আকছার টাকা তুলতে দেখা যায়। কিন্তু কাঁথিতে টাকা চলে যাচ্ছে যে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, তা এদিনের বৈঠকে যেন বোমা পড়ার মতই ছিল। কাঁথি বলতে মমতা বন্দ্যোপাধ্যায় কী বোঝাতে চেয়েছেন তা অনেকের কাছেই পরিষ্কার। পর্যবেক্ষকদের অনেকের মতে, মুখ্যমন্ত্রী পরিষ্কার বোঝাতে চেয়েছেন যে পুলিশ ও প্রশাসনের একাংশ যে কাঁথির সঙ্গে যোগাযোগ রাখছেন, সেই খবর তাঁর কাছে রয়েছে। এটা যে তাঁর না পসন্দ সেটাও বুঝিয়ে দিয়েছেন তিনি।

১-ম পাতার পর

# ভোট মিটলেও অশান্তি থামছে না

স্বামী। অভিযোগ অস্বীকার করেছেন পঞ্চায়েতের প্রধান। তিনি জানান, এই ঘটনা সম্পূর্ণ পারিবারিক। এর সঙ্গে তৃণমূল কংগ্রেস কোনওভাবেই জড়িত নয়। আক্রান্ত বিজেপি কর্মী পুলিশের বিরুদ্ধে তদন্তে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলেছেন। এবিষয়ে হারউড পয়েন্ট কোস্টাল থানায় অভিযোগ দায়ের হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ। অভিযোগ, সোমবার রাতে কোচবিহারের দিনহাটার পুটিমারি ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের কোয়ালিদহ এলাকা এক তৃণমূল সমর্থকের উপর হামলা চালায় দুষ্কৃতীরা। ধনেশ্বর দাস নামে ওই যুবককে বেধড়ক মারধর করা হয় বলে অভিযোগ। তাঁকে লক্ষ্য করে গুলিও চলে। পায়ে গুলি লাগে ওই যুবকের। বর্তমানে হাসপাতালে ভর্তি যুবক। এবিষয়ে দিনহাটা থানার পুলিশ কোনও মন্তব্য করেনি। এদিকে কাকদ্বীপে এক বিজেপি কর্মীর বাড়ি ভাঙচুর ও তাঁর মেয়েকে অপহরণের হুমকি দেওয়ার অভিযোগ উঠল শাসকদলের বিরুদ্ধে।

## তথ্য ও সম্প্রচার মন্ত্রকের প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব নিয়েছেন ডঃ লোগানাথন মুরুগান

**নয়াদিল্লি, ১১ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** ডঃ এল. মুরুগান আজ কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন। এই অনুষ্ঠানে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময় ডঃ মুরুগান তাঁর প্রতি আস্থা রাখায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, তথ্য ও সম্প্রচার মন্ত্রক সরকার ও দেশের জনগণের মধ্যে যোগাযোগের সেতু হিসেবে কাজ করে এবং সরকারের নীতি বাস্তবায়নে প্রধান ভূমিকা পালন করে। ডঃ মুরুগান বলেন যে সরকার গরীব কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ এবং এর অন্যতম উদাহরণ হলো প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় ৩ কোটি গ্রামীণ ও শহুরে বাড়ি তৈরির মন্ত্রিসভা সিদ্ধান্ত।

তথ্য ও সম্পচার মন্ত্রকের সচিব শ্রী সঞ্জয় জাজু এবং মন্ত্রকের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিক এবং মন্ত্রকের আওতাধীণ মিডিয়া ইউনিট ডঃ এল মুরুগানকে স্বাগত জানান।




# মায়ের হাতে খুন নয় বছরের শিশু পুত্র



**বেবি চক্রবর্ত্তী ত্রিপুরা : নিউজ সারাদিন :** নয় বছরের শিশু পুত্রের দুষ্টুমী সহ্য করতে না পেরে নিজের হাতেই ছেলেকে খুন করলো এক জন্মদাত্রী মা। এই মর্মান্তিক ঘটনার সাক্ষী হলো সোমবার সন্ধ্যায় রাজধানীর পশ্চিম জয়নগর এলাকার মহাবীর ক্লাব সংলগ্ন এলাকাবাসী। ছেলের যন্ত্রণায় অতিষ্ঠ হয়ে গেছে বলে জানান মৃত রাজদীপ গোয়ালার মা সুপ্রভা গোয়ালা। তিনি অচৈতন্য অবস্থায় জানায়, তার ছেলে পড়াশোনা করতে চায় না। ঘরে চুরি করে। ঘর থেকে বাইরে বের হয়ে মানুষকে জ্বালা যন্ত্রণা করে। যার কারণে তাকে বিভিন্ন জায়গা থেকে কাজ ছেড়ে আসতে হয়েছে। কেউ কাজেও রাখতে চায় না কেউ। তারপরও বর্তমানে দিনমজুরি করে সংসার পরিচালনা করতেন। মেয়ের বিয়ে হয়ে গেছে। স্বামীর খোঁজ নেই। শশুর বাড়ি কৈলাশহরে। আগরতলায় থেকে ছেলের ভরণ পোষণ মেটাতে যোগালী কাজ করতেন তিনি। কিন্তু তারপরও ছেলেকে শান্ত করে তুলতে ব্যর্থ হয়েছেন। দিনের পর দিন তার অসহ্য দুষ্টুমী ধৈর্যের বাঁধ ভেঙে দিয়েছে সোমবার। দড়ি দিয়ে ছেলের গলায় আঘাত করে চিরতরে শেষ করে দিয়েছে সুপ্রভা গোয়ালা। তারপর চিৎকার শুরু করে। ছুটে আসে বাড়ির মালিক সাবিত্রী চৌধুরী। সাবিত্রী চৌধুরী জানান, মাত্র ১৪ দিন আগে ভাড়া এসেছিল বাড়িতে। এরই মধ্যে এই ঘটনা করেছে এই মহিলা। খবর পেয়ে আশেপাশে লোকজন এসে জমায়েত হয় বাড়িতে। খবর দেওয়া হয় পুলিশকে। পুলিশ এসে মহিলাকে আটক করে মৃতদেহ ময়না তদন্তের জন্য মর্গে পাঠায়। এ ধরনের ঘটনা সচরাচরে দেখা না গেলেও সোমবার সাক্ষী রইল এলাকাবাসী। মায়ের হাতে ছেলের হত্যার ঘটনায় বাকরুদ্ধ গোটা এলাকা।

# বঙ্গ বিজেপির রাজ্য সভাপতি কে হবেন তা নিয়ে জল্পনা



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** ২০২৪ লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে ভোট ব্যাঙ্কে বিজেপি ভালো ফল পাবে বলে আশা করেছিল। কিন্তু কোথাও সেই আশা হত হল রাজ্যে শাসক দল তৃণমূলের জয়ে। অন্যদিকে বলা যায় যে এ বছরে লোকসভা নির্বাচনে রাজ্যে বিজেপি আসন সংখ্যা কম পেলেও ভোটের মার্জিন বিগত নির্বাচনের থেকে অনেকখানি বেশি পেয়েছে বলে মনে করেন রাজনৈতিক বিশেষজ্ঞ মহলের একাংশ। ২০২১ সালে সুকান্ত মজুমদার রাজ্য বিজেপির সভাপতি হওয়ার পর থেকে দলের অন্দরে পুরনো পন্থীদের বসিয়ে দেওয়ার অভিযোগ ওঠে। বিশেষ করে দিলীপ ঘোষ ও তাঁর অনুগামীদের দলের সমস্ত পদ থেকে সরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। দলের এই পুরনো নেতাদের সঙ্গে তৃণমূল থেকে আসা নেতাদের সংঘাত বারবার শিরোনামে আসে। এই পরিস্থিতিতে দিলীপ ঘোষকে ফের একবার রাজ্য সভাপতি পদে বসানোর দাবি উঠছে নানা মহল থেকে। এছাড়াও জগন্নাথ সরকার, শমীক ভট্টাচার্য, এমনকী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নামও বিজেপির অন্দরের আলোচনায় উঠে আসছে বলে সূত্রের খবর। লোকসভা ভোটে গোটা দেশের মতো এ রাজ্যেও প্রত্যাশিত ফল না মেলায় এবার রাজ্য সভাপতি বদলের পথে হাঁটতে চলেছে বিজেপি। আর সেই কারণেই বর্তমান রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সম্মানজনক বিদায়ের ব্যবস্থা করল দলের কেন্দ্রীয় নেতৃত্ব। রবিবারই কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পদে শপথ নিয়েছেন সুকান্ত মজুমদার। যার ফলে রাজ্য বিজেপি সভাপতি পদে রদবদল অবধারিত হয়ে উঠল। কিন্তু কে হবেন বাংলায় বিজেপির নতুন রাজ্য সভাপতি? তা নিয়েই মুখ খুললেন সুকান্ত মজুমদার স্বয়ং।বিজেপির নতুন রাজ্য সভাপতি কে হচ্ছেন? এই প্রশ্নের জবাবে সুকান্ত সাফ বলেন, "এখনও দল কাউকে দায়িত্ব দেয়নি। আপাতত আমিই রাজ্য সভাপতি থাকছি।" প্রসঙ্গত বিজেপির সংবিধান অনুসারে, কোনও ব্যক্তি একসঙ্গে ২টি পদে থাকতে পারেন না। ফলে সুকান্ত মজুমদার মন্ত্রী হওয়ায় তাঁকে রাজ্য সভাপতি পদে ইস্তফা দিতেই হবে। যে কারণে রাজ্য বিজেপির সভাপতি রদবদল এখন স্রেফ সময়ের অপেক্ষা।

২০২১ সালের বিধানসভা ভোটের পর রাজ্য বিজেপি সভাপতি পদে বসেন সুকান্ত মজুমদার। তাঁর তিন বছরের কার্যকাল শেষ হচ্ছে জুনেই। এর মধ্যে রবিবার সকালে প্রধানমন্ত্রীর বাসভবনে চা চক্রে ডাক পান সুকান্তবাবু। তখনই স্পষ্ট হয়ে যায় কেন্দ্রীয় মন্ত্রী হতে চলেছেন তিনি। সুকান্তবাবু পরে বলেন, "আমি মন্ত্রী হচ্ছি। এই প্রথম আমার জেলা থেকে কেউ কেন্দ্রীয় মন্ত্রী হতে চলেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভাবনা বাস্তবায়িত করতে কাজ করব।" তিনি আরও বলেন, "আমি দলের একনিষ্ঠ কর্মী। তাই কোন মন্ত্রক পেলাম সেটা বড় কথা নয়। দেশের জন্য কাজ করতে পারব সেটাই বড় কথা।" রবিবার রাতে রাষ্ট্রপতি ভবনে শপথ নেন সুকান্ত মজুমদার। দলের এই পুরনো নেতাদের সঙ্গে তৃণমূল থেকে আসা নেতাদের সংঘাত বারবার শিরোনামে আসে। এই পরিস্থিতিতে দিলীপ ঘোষকে ফের একবার রাজ্য সভাপতি পদে বসানোর দাবি উঠছে নানা মহল থেকে। এছাড়াও জগন্নাথ সরকার, শমীক ভট্টাচার্য, এমনকী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নামও বিজেপির অন্দরের আলোচনায় উঠে আসছে বলে সূত্রের খবর। এখন দেখার বিষয় হল কে হতে চলেছেন এই বঙ্গ বিজেপির রাজ্য সভাপতি। সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহলে বিশেষজ্ঞরা।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী হিসেবে

## প্রথম দিনেই বেআইনিভাবে চাকরি-প্রাপকদের উদ্দেশে কড়া বার্তা দিলেন বালুরঘাটের সাংসদ সুকান্ত



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** শ্বেত-শুভ্র কাপড়ে মোড়া আসন। পাশে তেরঙ্গা পতাকা। পিছনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ছবি। শিক্ষা মন্ত্রকের ডেপুটির আসনে আজ প্রথমবার বসলেন সুকান্ত মজুমদার। ধবধবে সাদা পাঞ্জাবি গায়ে শিক্ষামন্ত্রকের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন অধ্যাপকমশাই। শিক্ষক নিয়োগ দুর্নীতির অভিযোগ ঘিরে বিগত কয়েক বছরে তোলপাড় হয়েছে বঙ্গ রাজনীতি। গ্রেফতার হয়েছেন রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। এখনও জেলবন্দি তিনি। রাজ্যের একাধিক শীর্ষ আমলাও গ্রেফতার হয়েছেন নিয়োগ দুর্নীতির মামলায়। সেই প্রসঙ্গে সুকান্ত বলেন, "বিগত কয়েক বছরে বাংলাতে যেভাবে ঘটনাগুলি প্রকাশ্যে এসেছে, তাতে বাংলার তথা বাঙালির মান-সম্মান অনেকটাই নোংরা হয়েছে। প্রাক্তন শিক্ষামন্ত্রী জেলের মধ্যে রয়েছে। দুর্ভাগ্যবশত, তিনি এবং আমি একই সঙ্গে একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি-তে এনরোল করেছিলাম। এটা আমাদের কাছে খুব একটা গর্বের নয়।" পাশাপাশি সুকান্ত এও জানান, এটা সাময়িক অবস্থা, এটা বাংলার চিরন্তন পরিচয় নয়। সকলে মিলে চেষ্টা করে বাংলাকে এই পরিস্থিতি থেকে বের করে আনা সম্ভব হবে বলেও আশাবাদী শিক্ষা মন্ত্রকের প্রতিমন্ত্রী।বাংলায় যখন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ভুরি ভুরি দুর্নীতির অভিযোগ, ঠিক সেই সময় কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ডেপুটি হিসেবে গুরু দায়িত্ব পেলেন বঙ্গ বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী হিসেবে প্রথম দিনেই বেআইনিভাবে চাকরি-প্রাপকদের উদ্দেশে কড়া বার্তা দিলেন বালুরঘাটের সাংসদ। সুকান্তবাবু বলেন, "যাঁরা নিজেরা পরীক্ষা দিয়ে, নিজেদের যোগ্যতায় চাকরি পেয়েছেন, তাঁদের কষ্টটা আমরা বুঝি। কারণ আমি নিজেও এসএসসি পরীক্ষা দিয়ে স্কুলে এক বছর চাকরি করেছি। যাঁরা নিজেদের মেধার ভিত্তিতে, যোগ্যতার ভিত্তিতে চাকরি পেয়েছেন, তাঁদের সঙ্গে আমরা আছি। কিন্তু যাঁরা অবৈধভাবে চাকরি পেয়েছেন, আজ না হোক কাল, তাঁদের তো চাকরি যেতেই হবে।"

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৫৯ সংখ্যা ১২ জুন, ২০২৪ বুধবার ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩১

## কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের দায়িত্ব গ্রহণ করলেন শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত



**নয়াদিল্লি, ১১ জুন, ২০২৪ : নিউজ সারাদিন :** শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। এই অনুষ্ঠানে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময়, শ্রী শেখাওয়াত তাঁর প্রতি আস্থা রাখায় ও দেশ, বিদেশে ভারতীয়তার সংরক্ষন, এবং প্রচার ও প্রসারের সুযোগ করে দেওয়ায় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি আরও বলেন যে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ইন্ডিয়া থেকে ভারতে রূপান্তরের সময়, আমরা আমাদের ঔপনিবেশিক আবরণ উচ্ছেদ এবং আমাদের গৌরবময় সাংস্কৃতিক ঐতিহ্য পুনরুদ্ধারে বিশাল পদক্ষেপ নিয়েছি। শ্রী শেখাওয়াত বলেন যে আমাদের দেশ শিল্প, সঙ্গীত, নৃত্য, বয়ন ইত্যাদির মত সমৃদ্ধ সাংস্কৃতিক পরিমন্ডলের ব্যাপক উন্নতি ঘটাতে সক্ষম হয়েছে। মন্ত্রী বলেন, 'আসুন আমরা এই অমৃত কালকে শক্তিশালী করার জন্য একযোগে কাজ করি এবং বিকশিত ভারত গড়ার ক্ষেত্রে সংস্কৃতিকে একটি শক্তিশালী সুতোয় পরিণত করি'।

শ্রী গজেন্দ্র সিং শেখাওয়াতকে স্বাগত জানান সংস্কৃতি মন্ত্রকের সচিব শ্রী গোবিন্দ মোহন এবং মন্ত্রকের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা।

## সম্পাদকীয়

### যোগাভ্যাসকে জীবনের অভিন্ন অঙ্গ করে তুলতে সকলকে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী যোগাভ্যাসকে জীবনের অভিন্ন অঙ্গ করে তুলতে সকলকে আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, যোগাভ্যাস আমাদের জীবনে শান্তির নিভৃতালয় প্রদান করে। তা জীবনের নীতিবাচক চ্যালেঞ্জকে শান্তি এবং স্থৈর্যের সঙ্গে মোকাবিলার শক্তি জোগায়। আসন্ন যোগ দিবস উপলক্ষে শ্রী মোদী বিভিন্ন যোগাসন এবং তার সুফল সংক্রান্ত একগুচ্ছ ভিডিও সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন। তাতে যোগাসনের নানা নির্দেশও রয়েছে। এক্স মাধ্যমে একগুচ্ছ পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন ; "আজ থেকে ১০ দিনের মধ্যেই সারা বিশ্ব দশম আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করবে। আবহমান এই যোগচর্চা একতা এবং ঐক্যসূত্রের উদযাপন। যোগাভ্যাস সাংস্কৃতিক এবং ভৌগোলিক সীমাকে অতিক্রম করে বিশ্বের লক্ষ লক্ষ মানুষকে সার্বিক সুস্থতার লক্ষ্যে একসূত্রে গেঁথেছে।"

"এবছর আমরা যোগ দিবস উদযাপনের লক্ষ্যে পা বাড়িয়েছি, যোগাভ্যাসকে আমাদের জীবনের এক অভিন্ন অঙ্গ করে তোলার দায়বদ্ধতা পুনরায় ব্যক্ত হোক। সেই সঙ্গে অন্যদেরও যোগাভ্যাসকে জীবনের অনুপ্রেরণার অঙ্গ করে তুলতে উৎসাহ জোগানো হোক। যোগাভ্যাস আমাদের জীবনের শান্তির নিভৃতালয়

প্রদান করে। সেই সঙ্গে জীবনের নেতিবাচক চ্যালেঞ্জকে শান্তি এবং স্থৈর্যের সঙ্গে মোকাবিলার শক্তি জোগায়।" "যোগ দিবস এগিয়ে আসায় আমি যোগাভ্যাসের নানা সুফল সংক্রান্ত একগুচ্ছ ভিডিও সকলের সঙ্গে ভাগ করে নিচ্ছি। এতে যোগাসনের নানা নির্দেশও রয়েছে। আমি আশা করি এগুলি নিয়মিত যোগচর্চায় আপনাদের উৎসাহ দেবে।"

## জীবনে সাফল্যের সিঁড়ি বেয়ে উপরে উঠতে গেলে অবশ্যই প্রয়োজন বন্ধুদের সহায়তা



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

এটিকে বিশ্বের সবচেয়ে সেরা শাস্ত্র মানা হয়। যেহেতু তিনি 'কুটিলা গোত্র' থেকে উদ্ভূত ছিলেন তাই সেটিকে টিকিয়ে রাখার জন্য তিনি 'কৌটিল্য' ছদ্মনাম গ্রহণ করেন। অন্যদিকে তার সবচেয়ে পরিচিত ও প্রিয় নাম৩চাণক্য এর উদ্ভব ৩চানক্য থেকে। চানকা হচ্ছে তার গ্রামের নাম। এই গ্রামেই তিনি জন্মগ্রহণ করেছিলেন। মতান্তরে তার পিতার নাম 'চানক' থেকে 'চাণক্য পণ্ডিত' হিসেবে সর্বত্র পরিচিত হয়ে ওঠেন চাণক্য। তাকে বিষ্ণুগুপ্ত নামেও ডাকা হয়।

**চূড়ান্ত পাণ্ডিত্য**

চাণক্য কী পরিমাণ জ্ঞানী ও পণ্ডিত ছিলেন তার শাস্ত্র পড়লেই সে সম্পর্কে একটি ধারণা করা যায়। তিনি একাধারে একজন শিক্ষক, লেখক, দার্শনিক, শাসক এবং কূটনীতিবিদ ছিলেন। তার সমাজ ও জীবন সম্পর্কিত বক্তব্যগুলো আজকের আধুনিক জীবনেও সমানভাবে প্রযোজ্য। তিনি ছিলেন প্রাচীন ভারতীয় উপমহাদেশে রাষ্ট্রবিজ্ঞানের প্রথম প্রবক্তা। তার 'অর্থশাস্ত্র' (Arthashastra) গ্রন্থে তিনি চমৎকারভাবে দেখিয়েছেন একটি রাষ্ট্র কীভাবে গড়ে ওঠে এবং পরিণতি লাভ করে। তিনি চমৎকারভাবে তুলে ধরেছেন কীভাবে একজন শাসককে নিজস্ব ভূখণ্ডের সীমানা পেরিয়ে আরও ভূখণ্ড ও মূল্যবান সম্পদ নিজের সাম্রাজ্যভুক্ত করতে হয়। একইভাবে সম্পদ ও সাম্রাজ্য সম্প্রসারণের মাধ্যমে তার প্রজাদের নিরাপত্তা, কল্যাণ ও জীবনমান উন্নত করার জন্য কী কী কাজ করা যেতে পারে, সেসব বিষয়ও পুঙ্খানুপুঙ্খ লিপিবদ্ধ করেন চাণক্য। তার অর্থশাস্ত্র গ্রন্থটি নামে অর্থশাস্ত্র হলেও এটি মূলত শাসকের উদ্দেশ্যে রাষ্ট্রশাসন ও কূটনীতিবিষয়ক কৌশলের পরামর্শ। আর তৎকালীন সময়ের রাজা-মহারাজারা তাদের রাজদরবারে এরকম একজন দুজন পণ্ডিতকে সব সময়ই প্রাধান্য দিতেন। কাজেই জ্ঞানের ক্ষেত্রে এবং গুরুত্বপূর্ণ নীতি-নির্ধারণী ক্ষেত্রে এসব পণ্ডিতের দারুণ ভূমিকা ছিল। সেই অর্থে বলা যেতেই পারে কৌটিল্যের অর্থশাস্ত্র পরবর্তীকালের রাজাদের রাষ্ট্র পরিচালনা ও জনকল্যাণমূলক রাজ্য গড়ে তোলার পেছনে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা দিতে সমর্থ হয়েছিল। এর প্রমাণ পরবর্তী সময়ের প্রজাবৎসল শাসকদের রাজ্যশাসন ও রাজ্য পরিচালনা নীতি। স্পষ্টতই তাদের সেই সময়ের শাসনে কৌটিল্যের অর্থশাস্ত্রের বড় একটি ছাপ পড়েছে। চাণক্য-সহায়তায় মৌর্যশাসন প্রতিষ্ঠাতা চন্দ্রগুপ্ত মৌর্যের ২৪ বছর শাসনকাল যেমন বর্ণিল ছিল, তেমনি দ্বিতীয় প্রজন্ম বিন্দুসারার সমৃদ্ধিময় জনপ্রিয়তার পেছনেও ছিল চাণক্যের অবদান। আমাদের জীবনের চাণক্যের মতে অবদানের কিছু মানুষ কে আজও সাফল্য দিতেই হবে। চাণক্য হয়তো আজ এই পৃথিবীতে নেই তবে চাণক্য ব্যবহারের এমনও মানুষ আজও পরিচালিত করছে প্রতিটি সংসার। প্রতিটি মানুষ বড় হওয়ার পিছনে বা সাফল্যের পিছনে, চাণক্যের মত পন্ডিত টা আজও আছে সেটা হচ্ছে কারো বাবা হতে পারে ,কারোর মা হতে পারে, আবার শিক্ষাগুরু হতে পারে কারো বন্ধু হতে পারে। চাণক্য বেঁচে রয়েছে প্রতিটি সংসারের এমনই রূপে।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## শ্রী মনোহর লাল বিদ্যুৎ মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেছেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শ্রী মনোহর লাল কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী হিসেবে আজ শ্রমশক্তি ভবনে দায়িত্বভার গ্রহণ করেছেন। আবাসন ও নগরোন্নয়ন বিষয়ক মন্ত্রকের পাশাপাশি তিনি এই দায়িত্বভার গ্রহণ করলেন। বিদ্যুৎ মন্ত্রকের সচিব শ্রী পঙ্কজ আগরওয়াল ও মন্ত্রকের অন্যান্য পদস্থ আধিকারিকরা মন্ত্রীকে স্বাগত জানান।

প্রাক্তন বিদ্যুৎ মন্ত্রী শ্রী রাজকুমার সিং শ্রী মনোহর লালকে উষ্ণ অভিনন্দন জানিয়েছেন। বিদ্যুৎ প্রতিমন্ত্রী শ্রী শ্রীপদ যেশো নাইকও উপস্থিত ছিলেন।

দায়িত্বভার গ্রহণের পর বিদ্যুৎ মন্ত্রকের পদস্থ আধিকারিকরা কেন্দ্রীয় মন্ত্রীকে দপ্তরের কাজকর্ম সম্পর্কে অবগত করেন। দেশে বিদ্যুৎ সরবরাহের বর্তমান পরিস্থিতি সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকও করেন মন্ত্রী।

## বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেছেন শ্রী সর্বানন্দ সোনোয়াল



**নয়াদিল্লি, ১১ জুন, ২০২৪: নিউজ সারাদিন :** কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সর্বানন্দ সোনোয়াল ১০ জুন নতুন দিল্লিতে বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেছেন। দায়িত্বভার গ্রহণের পর তিনি তাঁর দপ্তরের কর্মীদের উদ্দেশে ভাষণ দেন। দেশের জনগণের সেবায় তাঁর দল যথাযথভাবে কাজ করবে বলে আস্থা প্রকাশ করেন তিনি। 'বিকশিত ভারত' গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধতার কথাও পুনর্ব্যক্ত করেন মন্ত্রী। তিনি তাঁর দলকে যথাযথ কাজ চালিয়ে যেতে উদ্বুদ্ধ করেন। অনুষ্ঠানে শ্রী সর্বানন্দ সোনোয়াল বলেন, "প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রক সমুদ্র ক্ষেত্রের ক্ষমতায়নে অভূতপূর্ব কাজ করছে। অর্থনীতির অন্যতম চালিকাশক্তি হিসেবে এই ক্ষেত্রকে গড়ে তুলতে সার্বিক বিকাশে নজর দিতে হবে। আমরা দেশ গঠনের জন্য কাজ চালিয়ে যাব। 'বিকশিত ভারত' গড়ে তোলাই আমাদের মূল লক্ষ্য। আমাদের মন্ত্রক অমৃতকাল ভিশন, ২০৪৭-এর পরিকল্পিত সামগ্রিক বিকাশের জন্য সমুদ্র ক্ষেত্রের ক্ষমতায়নের লক্ষ্যে কাজ চালিয়ে যাবে।"

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সব মিরাকলের ব্যাখ্যা খুঁজতে যাওয়াটা সময় ও শ্রমের অপচয়। কিন্তু তারপরও কিছু মিরাকলের ব্যাখ্যা খুঁজে যেতে হয়। কোনো মিরাকল ঘটার পর সেটাকে এমন একটি সত্তার অস্তিত্বের প্রমাণ হিসেবে ব্যবহার করা হয় যেটি কিনা সর্বময় ক্ষমতার অধিকারী।

তাই মানুষ একমাত্র ভরসা করে ভগবানকে, এই মানুষ তার কর্মক্ষমতা আর ত্যাগ কারনে জগতে ঈশ্বর হয়ে ওঠেন!

ক্রমশঃ

## ব্লক সভাপতির মদতেই প্রধানের উপর চড়াও হন মহিলারা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তৃণমূল পরিচালিত পঞ্চায়েত অফিসে মহিলা প্রধানকে বেধড়ক মার! সিসিটিভি ফুটেজ প্রকাশ্যে আসতেই ব্যাপক চাঞ্চল্য পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনায়। অভিযোগ, তৃণমূলের ব্লক সভাপতির মদতেই প্রধানের উপর চড়াও হন মহিলারা। যদিও অভিযোগ অস্বীকার ব্লক তৃণমূল সভাপতির। গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের বাইরে মোতায়েন বিশাল পুলিশ বাহিনী।আক্রান্ত প্রধানের দাবি, সম্পূর্ণ ঘটনাটি ঘটিয়েছে চন্দ্রকোনা ২ নম্বর ব্লক তৃণমূল সভাপতি হীরালাল ঘোষ। তবে তিনি অভিযোগ অস্বীকার করেছেন। এদিকে এই ঘটনায় স্বাভাবিকভাবেই শোরগোল এলাকায়। আতঙ্কে গ্রাম পঞ্চায়েতের কর্মীরা। ভয়ে মুখ খুলতে নারাজ সকলে। তবে গোটা ঘটনা ধরা পড়েছে গ্রাম পঞ্চায়েত দপ্তরে প্রধানের ঘর ও বাইরে থাকা সিসিটিভি ক্যামেরায়। তার ভিত্তিতেই তদন্তে পুলিশ।পশ্চিম মেদিনীপুর জেলার চন্দ্রকোনা ২ নম্বর ব্লকের বান্দিপুর ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান পিঙ্কি দলুই। তাঁর অভিযোগ, সোমবার দুপুরে তিনি তাঁর দপ্তরে নিজের রুমে বসে কাজকর্ম করছিলেন। সেই সময় আচমকাই ১২-১৩ জন মহিলা তাঁর অফিসে ঢুকে চুলের মুঠি ধরে গালে চড় মারতে শুরু করে। টেবিলে ফেলে রীতিমতো টানা হেঁচড়া করা হয় তাঁকে। ঘর থেকে বাইরে নিয়ে গিয়ে মাটিতে ফেলে লাথি মারা হয়।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মালাইকার সঙ্গে বিচ্ছেদের পরেই হঠাৎ হাসপাতালে কেন অর্জুন?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অসুস্থ হয়েছেন বলিউড অভিনেতা অর্জুন কাপুর? সামাজিক যোগাযোগমাধ্যমে অভিনেতা একটি ছবি শেয়ার করেছেন, যেখানে দেখা যাচ্ছে, তিনি কোনও স্বাস্থ্যকেন্দ্রের বিছানায় শুয়ে আছেন। এই ছবি দেখেই অর্জুনের অনুরাগীরা বেশ চিন্তিত হয়ে পড়েছেন। জানা গেছে, অস্ট্রিয়ার এক মেডিকেল হেলথ রিসোর্টে রয়েছেন তিনি।

কিছু দিন আগেই অর্জুন ও মালাইকার সম্পর্কে ভাঙনের খবরে সরগরম হয় নেটপাড়া। নিজেরা এই বিচ্ছেদ নিয়ে মুখ না খুললেও তাদের ঘনিষ্ঠ সূত্র মারফত খবর নিশ্চিত হয়েছিল। এসবের মধ্যেই অর্জুন এই ছবি পোস্ট করেছেন সামাজিক মাধ্যমে। অর্জুনের পোস্ট দেখে বোঝা যাচ্ছে, তিনি রয়েছেন অস্ট্রিয়াতে।

হাতে আই-ভি চ্যানেল লাগানো থাকলেও, খুব গুরুতর কিছু হয়নি অর্জুনের। জানা গেছে, ভিটামিন থেরাপি চলছে অভিনেতার। শরীরে সরাসরি ভিটামিন ও মিনারেলস বৃদ্ধির জন্য এই থেরাপির সাহায্য নেওয়া হয়। বিশেষ করে ভিটামিন ও মিনারেলস-এর ঘাটতি থাকলে এই থেরাপি নেওয়া হয়।

এই ছবি শেয়ার করতেই, অনুরাগীরা তার স্বাস্থ্যের অবস্থার খোঁজ নেন। এক নেটাগরিক জিজ্ঞাসা করেন, "সব ঠিক আছে তো? আপনি কেমন আছেন?" আরেকজন বলেন, "আশা করছি আপনি ভাল আছেন। দ্রুত সুস্থ হয়ে উঠুন।"

সম্প্রতি খবর ছড়ায় যে, সম্পর্ক ভেঙেছে মালাইকা-অর্জুনের। অর্জুন-মালাইকার ঘনিষ্ঠ সূত্র এই খবর নিশ্চিত করেন সংবাদমাধ্যমের কাছে। যদিও মালাইকার ম্যানেজার খবরটিকে গুঞ্জন বলে উড়িয়ে দেন।

বছর দুয়েক আগেও খবর ছড়িয়েছিল যে, মালাইকা ও অর্জুনের সম্পর্কে ফাটল ধরেছে। কিন্তু অর্জুন নিজেই তখন বলেছিলেন- এই খবর ভিত্তিহীন। কিন্তু এবার যে বিচ্ছেদের খবর ছড়িয়েছে, তা নিয়ে কেউই স্পষ্ট করে কোনও মন্তব্য করেননি। বরং তাদের ঘনিষ্ঠ সূত্র মারফত এই খবর নিশ্চিত করেছিল। পাশাপাশি তারা জানিয়েছেন, সম্পর্ক ভাঙলেও বন্ধুত্ব অটুট রাখার সিদ্ধান্ত নিয়েছেন অর্জুন ও মালাইকা।



## অযোধ্যায় বিজেপির হারে যেভাবে বিপাকে সোনু নিগম!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের লোকসভা নির্বাচনের ফল প্রকাশের দিন সকাল থেকেই ফৈজাবাদ (অযোধ্যা) কেন্দ্রের দিকে নজর ছিল সবার। উত্তরপ্রদেশের এই লোকসভা কেন্দ্রই অযোধ্যার রামমন্দির। নির্বাচনি প্রচারে বার বার উঠে এসেছে এই রামমন্দির প্রসঙ্গ। আর সেখানেই ভরাডুবি হয়েছে বিজেপির। বিজেপি প্রার্থী লালু সিংহ হেরে গেছেন ৫৪ হাজার ৫০০ ভোটে। জয়ী হয়েছেন সমাজবাদী পার্টির অবধেশ কুমার। তার পর থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমের থেকে সংবাদমাধ্যমের চর্চায় রয়েছে ফৈজাবাদ। বাদ গেলেন না সোনু নিগমও। অতিষ্ঠ হয়ে উঠেছেন গায়ক। কী এমন ঘটল গায়কের সঙ্গে?

খোদ রামনগরীতে বিজেপির হার অবাক করেছে অনেককেই। তার পর থেকেই অনলাইন মাধ্যমে চলছে বিস্তর কাটাছেঁড়া। তাতেই জড়িয়ে পড়লেন সোনু। এক্স (আগের টুইটার) হ্যান্ডেলে 'সোনু নিগম' নামের অ্যাকাউন্ট থেকে একটি পোস্টে লেখা হয়, 'যে সরকার অযোধ্যাকে পুরো নতুনের মতো করে দিল, বিমানবন্দর থেকে রেলস্টেশন সব কিছুতে উন্নয়নের জোয়ার আনল, প্রায় ৫০০ বছর পর রামমন্দির প্রতিষ্ঠা করল, সেই অযোধ্যায় নাকি জিততে পারল না বিজেপি।' নিমেষের মধ্যে ভাইরাল হয় পোস্ট। সোনু নিগম নামটা দেখে ভুলটা করে বসে নেটিজেনদের একাংশ। আসলে অনেকেই ভেবেছিলেন এই পোস্ট গায়ক সোনুর। কিন্তু সেখানেই ভুল করে বসেন অনেকে। ইনি সোনু নিগম সিংহ। উত্তরপ্রদেশের নাগরিক। তার নামের শেষের 'সিংহ' বেশির ভাগেরই চোখ এড়িয়ে যায়। তাতেই এই বিপত্তি ঘটে। যার ফলে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা কটুকথা আর কটাক্ষের মুখে পড়তে হয় সোনুকে।

অবশেষে এই ভারতীয় গায়ক জানান, সোশ্যাল মিডিয়ার এই নোংরামির জন্য বেশ কয়েক বছর আগে এক্স থেকে নিজেকে সরিয়ে নিয়েছিলেন। এই ঘটনাতেও তিনি হতবাক। এতো লোকে তাকে এতো কথা বলছে, অথচ কেউ পুরো নামটাই লক্ষ্য করল না!

## শাহরুখের সঙ্গে কেন কাজ করেননি অনুরাগ কাশ্যপ?





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় নির্মাতা অনুরাগ কাশ্যপ ও বলিউড তারকা বাদশাহ শাহরুখ খান। তবে কখনো একসঙ্গে সিনেমায় কাজ করেননি তারা। কেন কাজ করেননি তা নিয়ে ভক্তদেরও প্রশ্ন, কৌতূহলের শেষ নেই। অনুরাগ কাশ্যপের ছবিতে কখনো কি শাহরুখকে দেখা যাবে? উত্তরটা 'না' হওয়ার সম্ভাবনাই বেশি। কারণ সম্প্রতি এক সাক্ষাৎকারে সেই ইঙ্গিতই দিয়েছেন এই নির্মাতা।

অনুরাগ বলেন, 'আমরা যে দেশে থাকি সেখানে হিরোরা পূজনীয়। আমাদের অনেক কিছুরই অভাব আছে, তার মাঝে আত্মসম্মান এবং আত্মবিশ্বাসের অভাব অন্যতম। আমাদের হিরো প্রয়োজন। সিনেমাগুলোতে কেন লার্জার-দ্যান-লাইফ হিরোদের দেখানো হয়? আমরাই একমাত্র দেশ যেখানে সুপারহিরোর মতো চরিত্রে অভিনেতারা নিজেদের চেহারা লুকিয়ে নেন না। ঢাকলেও মাস্কটা হবে খুবই ছোট, কারণ চেহারা দেখানোটাই বেশি গুরুত্বপূর্ণ এখানে।'

## কাঙ্ক্ষিত চরিত্র খুঁজে পেয়েছেন রানী, এবার ফেরার পালা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অভিনয়ের আসক্তি কোনোভাবেই কাটিয়ে উঠতে পারছেন না রানী মুখার্জি। দুই বছর বিরতির পর আবার পর্দায় ফেরার ইচ্ছা পোষণ করেছেন এই বলিউড তারকা। স্বীকার করেছেন, পেশা জীবনে অভিনয়ই হয়ে উঠেছিল তাঁর ধ্যান-জ্ঞান। তাই ক্যামেরা থেকে দূরে থাকার কথা স্বপ্নেও ভাবতেন না। সেই অভিনয় থেকে দূরে থাকতে হয়েছে শুধু সন্তানের কথা ভেবে। তাকে বড় করে তোলা, সময়ের সঙ্গে পাল্লা দিয়ে এগিয়ে চলার জন্য শিক্ষা থেকে নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়াসবই নিজ দায়িত্বে করে যাচ্ছিলেন রানী। তাই চাইলেও অভিনয়ে জন্য সময় বের করা সম্ভবহয়নি।

এখন মেয়ে আদিরা কিছুটা বড় হয়েছে। তাকে ইংরেজি মাধ্যমে পড়ালেখা করানোর পাশাপাশি হিন্দি, মারাঠি, স্প্যানিশ ভাষাও শেখাচ্ছেন রানী। আদিরাও মায়ের কথা মেনে নিজেকে তৈরি করে নিচ্ছে। তাই রানী এখন হাতে কিছুটা সময় পেয়েছেন, যা তিনি অভিনয়ে বিনিয়োগ করতে পারেন। সে কারণে বড় পর্দার নতুন গল্প ও চরিত্রে নিজেকে মেলে ধরতে প্রস্তুত এ অভিনেত্রী। তবে স্রোতে গা ভাসাবেন না বলেও সরাসরি জানিয়ে দিয়েছেন।

ভারতীয় সংবাদমাধ্যমের সাক্ষাৎকারে অভিনয় পরিকল্পনা নিয়ে কথা বলার পাশাপাশি রানী এও জানিয়েছেন, শিগগিরই সিনেমার জন্য ক্যামেরার সামনে দাঁড়াবেন। অভিনয়ের জন্য ঠিক যে ধরনের গল্প ও চরিত্র খুঁজছিলেন, তেমনই একটি গল্প হাতে এসেছে। সেই গল্প ও চরিত্র নিয়ে এখনই বিস্তারিত বলতে নারাজ।

ভারতীয় গণমাধ্যম বিভিন্ন সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, পরিচালক সোনালি বোসের নির্দেশনায় বিরতি ভেঙে ক্যামেরার সামনে দাঁড়াতে যাচ্ছেন রানী মুখার্জি। এর আগে ২০১৯ সালে পরিচালক সোনালি বোস বলিউড ডিভা প্রিয়াঙ্কা চোপড়া ও ফারহান আখতারকে নিয়ে 'দ্য স্কাই ইজ পিঙ্ক' সিনেমাটি নির্মাণ করেছিলেন। সিনেমাটি সমালোচক মহলে দারুণ প্রশংসা কুড়িয়েছিল। সোনালির কাজ রানী মুখার্জির মনেও দারুণ ছাপ ফেলেছিল। যে কারণে ভিন্ন ধাঁচের নতুন গল্প নিয়ে এই নির্মাতা যখন নতুন কাজে হাত দিয়েছেন এবং চরিত্র বাছাইয়ের পর অভিনয়ের প্রস্তাব দিয়েছেন, তখন রানীর পক্ষে সেই প্রস্তাব ফেরানো কঠিন ছিল।

জানা গেছে, 'মিসেস চ্যাটার্জি ভার্সেস নরওয়ে' অভিনয় করে পুরস্কৃত হওয়ার পর রানী বেশ কিছু নির্মাতার সিনেমায় অভিনয়ের প্রস্তাব পেয়েছেন; যার বেশির ভাগ চিত্রনাট্য খুঁটিয়ে পড়েও মনে ধরেনি অভিনেত্রীর। কেবল সোনালির দেওয়া সিনেমার প্রস্তাবটি লুফে নিয়েছেন তিনি।

নির্মাতাসূত্রে জানা গেছে, পারিবারিক ঘরানার গল্প নিয়ে নির্মিত হতে যাচ্ছে রানীর নতুন সিনেমাটি। প্রযোজনার দায়িত্বে থাকা 'জংলি পিকচার্স' ইতোমধ্যে উঠেপড়ে লেগেছে রানীর বিপরীতে বলিউডের একজন প্রথম সারির তারকা অভিনেতাকে হাজির করার জন্য। পাশাপাশি ছবির বাকি কলাকুশলীরাও হবেন টিনসেল টাউনের সব জনপ্রিয় মুখ। চলতি বছরের সেপ্টেম্বরে শুটিং শুরু পরিকল্পনা রয়েছে নির্মাতাদের। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী বছর সিনেমাটি মুক্তি দেওয়া হবে।

## কঙ্গনাকে চড় দেওয়া সেই নারীকে ফোর্স থেকে বহিষ্কার



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সদ্য ভারতে লোকসভা নির্বাচনে বিজেপি থেকে নির্বাচিত সংসদ সদস্য (এমপি) ও বলিউড অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতকে চড় মারা কুলবিন্দর কৌর নামের ওই নারীকে সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) থেকে বহিষ্কার করা হয়েছে।

সংস্থাটির একজন উচ্চ পদস্থ কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন। জানিয়েছেন, ওই নারীর বিরুদ্ধে স্থানীয় পুলিশ থেকে থানায় এফআইআর করার নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার মান্ডি থেকে দিল্লি যাওয়ার পথে চন্ডীগড় বিমানবন্দরে হেনস্থার শিকার হতে হয় কঙ্গনাকে। একজন নারী সিআইএসএফ জওয়ান চড় দেন অভিনেত্রীকে। ঘটনাটি মুহূর্তেই আলোচনায় উঠে আসে। যা নিয়ে শুরু হয় তোলপাড়।

জানা গেছে, দিল্লি যাওয়ার জন্য বিমানবন্দর পৌঁছানোর পর সিকিউরিটি চেকিংয়ের সময় একজন নারী সিআইএসএফ সদস্য অভিনেত্রী কঙ্গনার সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন। একপর্যায়ে বলিউড তারকাকে চড় দেন। তারপর অভিনেত্রীর সঙ্গে থাকা এক ব্যক্তি পাল্টা চড় দেন ওই নারীকে।

এ ঘটনায় ওই নারী সিআইএসএফ সদস্য জানিয়েছেন, কৃষক আন্দোলনের সময় কঙ্গনা যে মন্তব্য করেছিলেন, তা একদমই পছন্দ হয়নি তার। তাকে বলতে শোনা যায়, তিনি (কঙ্গনা) কি সেখানে বসেছিলেন, যে মন্তব্য করেছিলেন? আমার মা ওই আন্দোলনে বসেছিলেন।

মূলত, কৃষক আন্দোলনের সময় বেফাঁস মন্তব্য করিছলেন কঙ্গনা। তিনি বলেছিলেন, ১০০ টাকার জন্য দিল্লির রাস্তায় বসে আছেন কৃষকরা। আর সেই পুরনো বক্তব্যের কারণেই বলিউড তারকাকে চড় মেরেছেন ওই নারী সিআইএসএফ সদস্য।

## পিচ বিতর্ক, বিশ্বকাপের ভেন্যু পরিবর্তন করবে না আইসিসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্রিকেট বিশ্বকাপের আয়োজক হিসেবে যুক্তরাষ্ট্রকে প্রথমবারের মতো বেছে নেয় আইসিসি। ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে তাদের সহ আয়োজক হিসেবে বেছে নেওয়ার কারণ হিসেবে আইসিসি তখন জানিয়েছিল, বিশ্ব বাণিজ্যের অন্যতম এই দেশটির মাধ্যমে ক্রিকেটকে বিশ্বব্যাপি ছড়িয়ে দিতে চায় সংস্থাটি। আসরে বাড়ানো হয় দলের সংখ্যাও। ২০ দল নিয়ে আয়োজন করা হয় বিশ্বকাপ। অথচ, বিশ্বকাপের মতো একটা আয়োজন নিয়েও কেমন দায়সারা মনোভাব যুক্তরাষ্ট্রের। বিশ্বকাপের আগে অনেকটা তড়িঘড়ি করে তিন মাসের ব্যবধানে মাঠ প্রস্তুত করেছে যুক্তরাষ্ট্র। প্রথমবারের মতো খেলতে হচ্ছে 'ড্রপ ইন পিচে'। যা নিয়েই হচ্ছে কঠোর সমালোচনা। ড্রপ ইন পিচ এখন সবার কাঠগড়ায়।

এই মাঠেই শ্রীলঙ্কা এবং দক্ষিণ আফ্রিকার মধ্যে একটি ম্যাচ ছিল, যেখানে শ্রীলঙ্কা দল ৭৭ রানে আউট হয়ে যায়। আবার আয়ারল্যান্ডকে ১০০ রানের আগেই অলআউট করে দিয়েছিল ভারত। এই পিচে অহরহ অসম বাউন্স দেখা গেছে। বিবিসি স্পোর্টসের প্রতিবেদন অনুসারে, ভারত নাসাউ কাউন্টি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামের পিচের অসম বাউন্স ও তার প্রকৃতি নিয়ে প্রশ্ন তুলেছে। কারণ এই পিচে ব্যাটসম্যানদের নিরাপত্তা শংকায় আছে। যদিও ভারত আইসিসির কাছে আনুষ্ঠানিক কোনও অভিযোগ করেনি। ৯ জুন একই মাঠে ভারত ও পাকিস্তানের মধ্যে একটি ম্যাচ হবে। যা ৩২ হাজার দর্শক ধারণক্ষমতা সহ স্টেডিয়ামের সবচেয়ে হাই-ভোল্টেজ ম্যাচ হতে চলেছে। এর আগে আইসিসি স্পষ্ট জানিয়ে দিয়েছে যে ম্যাচগুলো হবে শুধুমাত্র নিউইয়র্কে।

আইসিসি কর্মকর্তারা বলেছেন, নিউইয়র্কের কোনও খেলাকে ফ্লোরিডা বা টেক্সাসের ভেন্যুতে স্থানান্তরিত করার কোনও পরিকল্পনা নেই। এই দুটি স্টেডিয়ামেরই পিচ প্রাকৃতিক টার্ফ। ভারত বনাম পাকিস্তান ম্যাচের জন্য, এমন একটি পিচ ব্যবহার করা হবে যেখানে একটিও ম্যাচ খেলা হয়নি।

## রেকর্ড জয়ে সবার আগে সুপার এইটে দক্ষিণ আফ্রিকা!




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নাসাউ ক্রিকেট স্টেডিয়ামে সোমবার টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচে দক্ষিণ আফ্রিকার কাছে ৪ রানে হেরেছে বাংলাদেশ। শুরুতে ব্যাট করে ৬ উইকেট হারিয়ে ১১৩ রান করে প্রোটিয়ারা। ওই রান তাড়া করতে নেমে তীরে এসে তরী ডুবেছে টাইগারদের, ৭ উইকেট হারিয়ে ১০৯ রানের বেশি করতে পারেনি বাংলাদেশ। আর টাইগারদের কাঁদিয়েই সবার আগে সুপার এইটে উঠে গেল প্রেটিয়ারা।

গত সপ্তাহে নেদারল্যান্ডসের বিপক্ষে ১০৪ রানের লক্ষ্য তাড়ায় ১২ রানে ৪ উইকেট হারিয়ে ফেলেছিল দক্ষিণ আফ্রিকা। আর বাংলাদেশের বিপক্ষে ৫ ওভারেই ৪ উইকেট হারিয়ে ধুঁকছিল তারা। কিন্তু শেষ পর্যন্ত বাংলাদেশকে তারা হারালো মাত্র ৪ রানে। এই জয়ে প্রোটিয়ারা কয়েকটি রেকর্ডেও নাম লিখিয়েছে। সেই সঙ্গে প্রথম দল হিসেবে এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইট নিশ্চিত করে ফেলেছে তারা। যদিও কাগজে-কলমে এখনও কিছু হিসাব বাকি আছে। কিন্তু সেসব আনুষ্ঠানিকতা মাত্র।

নিউইয়র্কের নাসাউ ক্রিকেট স্টেডিয়ামে আজ গ্রুপ ডি-এর ম্যাচে আগে ব্যাট করে ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১০৯ রান সংগ্রহ করে দক্ষিণ আফ্রিকা। জবাবে ৬ উইকেটে ১১৩ রান করতে পারে বাংলাদেশ। টি-টোয়েন্টি বিশ্বকাপের ইতিহাসেই এত কম রান ডিফেন্ড করার নজির নেই। এই বিশ্বকাপেই পাকিস্তানের বিপক্ষে ১২০ রান লক্ষ্য দিয়ে জয় তুলে নেয় ভারত। ক্রমতালিকায় এটি আছে আজকের ম্যাচের পরেই। ২০১৪ বিশ্বকাপে চট্টগ্রামে নিউজিল্যান্ডের বিপক্ষে ঠিক ১২০ রানের লক্ষ্য দিয়ে জয় পেয়েছিল শ্রীলঙ্কাও। দক্ষিণ আফ্রিকাও এর আগে টি-টোয়েন্টি এত কম রানের লক্ষ্য দিয়ে জেতেনি। সর্বশেষ ২০১৩ সালে কলম্বোতে ১১৫ রান করে জয় তুলে নিয়েছিল তারা। ৫ রানের কম ব্যবধানে টি-টোয়েন্টি বিশ্বকাপে এ নিয়ে মোট ৪ ম্যাচ জিতলো দক্ষিণ আফ্রিকা। অন্য কোনো দল দুইয়ের অধিক জয়ই পায়নি।

এ নিয়ে টানা ৩ জয়ে ৬ পয়েন্ট হয়ে গেছে দক্ষিণ আফ্রিকার। বাংলাদেশ ও নেদারল্যান্ডস দুই দলেরই পয়েন্ট ২ করে। দক্ষিণ আফ্রিকার পরের ম্যাচ নেপালের বিপক্ষে। বড় কোনো আপসেট না ঘটলে ওই ম্যাচেও দক্ষিণ আফ্রিকাই জিতবে। আর না জিতলেও ৩ জয়ে তাদের সুপার এইট নিশ্চিত। যেখানে উঠবে প্রতি গ্রুপের শীর্ষ দুই দল।

নেট রানরেটের (+০.৬০৩) দিক থেকেও সবচেয়ে ভালো অবস্থানে আছে দক্ষিণ আফ্রিকা। তাদের পরে আছে বাংলাদেশ (+০.০৭৫) ও নেদারল্যান্ডস (+০.০২৪)। নেপাল ও শ্রীলঙ্কার অবস্থা এখানেও খারাপ। দুই দলই এখন পর্যন্ত কোনো ম্যাচ জেতেনি। গ্রুপ পর্বে বাংলাদেশ, নেদারল্যান্ডস ও শ্রীলঙ্কার হাতে এখনো দুইটি করে ম্যাচ আছে। নেপালের হাতে আছে ৩ ম্যাচ। ফলে কাগজে-কলমে সব দলেরই সুযোগ আছে সুপার এইটে উঠার। কিন্তু দক্ষিণ আফ্রিকার মতো নিশ্চিন্তে কেউ থাকছে না, এটা অন্তত নিশ্চিত।

## রোহিতের ৬০০ ছক্কার রেকর্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আয়ারল্যান্ডকে গুঁড়িয়ে বিশ্বকাপ মিশন শুরু করেছে ভারত। ৮ উইকেটের সহজ জয়ে বড় অবদান রেখেছেন রোহিত শর্মা। ছোট লক্ষ্য তাড়ায় ফিফটি হাঁকিয়ে ব্যাট হাতে দলকে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন অধিনায়ক।

নিউইয়র্কে টস হেরে আগে ব্যাট করতে নেমে ১৬ ওভারে ৯৭ রানে অলআউট হয় আয়ারল্যান্ড। জবাবে খেলতে নেমে ১২ ওভার ২ বলে ২ উইকেট হারিয়ে জয়ের বন্দরে পৌঁছে যায় ভারত। যেখানে দলের হয়ে সর্বোচ্চ ৩৭ বলে ৫২ রান করেছেন রোহিত। এই ইনিংস খেলার পথে একটা রেকর্ডও গড়েছেন রোহিত। প্রথম ক্রিকেটার হিসেবে আন্তর্জাতিক ক্রিকেটে ৬০০ ছক্কা হাঁকিয়েছেন তিনি। ৪৯৯ ইনিংসে এই মাইলফলক ছুঁয়েছেন ভারত অধিনায়ক। ৫৫১ ইনিংসে ৫৫৩ ছক্কা নিয়ে দুইয়ে আছেন ক্রিস গেইল।

এদিন টি-টোয়েন্টি বিশ্বকাপে এক হাজার রানও পূর্ণ করেছেন রোহিতের। এখানে তিনি তৃতীয়। ২৬ ইনিংসে ১ হাজার ১৪২ রান নিয়ে এই তালিকায় সবার ওপরে বিরাট কোহলি। ৩১ ইনিংসে ১ হাজার ১৬ রান নিয়ে দুইয়ে আছেন শ্রীলঙ্কার সাবেক ব্যাটার মাহেলা জায়াওয়ার্দানা।

## রিয়ালে যোগ দিয়ে মুক্ত এমবাপ্পে

## পিএসজির বিরুদ্ধে অভিযোগের পাহাড়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফরাসি ক্লাব প্যারিস সেইন্ট জার্মেই (পিএসজি) ছেড়ে তার স্বপ্নে ক্লাবে যোগ দিয়েছেন কিলিয়ান এমবাপ্পে। ফ্রান্সের এই ফুটবলার আনুষ্ঠানিকভাবে এখন রিয়াল মাদ্রিদের। এরপরই নিজের সাত বছরের পুরোনো ঠিকানা পিএসজি নিয়ে অভিযোগের ঝুলি খুলে বসেছেন। লিওনেল মেসি ও নেইমার জুনিয়রের পর ক্লাবটিতে 'অসুখী' ছিলেন বলে জানিয়েছেন এই ফরাসি তারকাও। প্যারিসিয়ানরাও বসে নেই, তারাও কড়া জবাব দিয়েছে এমবাপ্পেকে। তাদের মতে, এই তারকা ফরোয়ার্ডের কোনো ক্লাসই নেই।

ইউরোপীয়ন চ্যাম্পিয়নশিপে খেলতে ফ্রান্স জাতীয় দলের ক্যাম্পে যোগ দিয়েছেন এমবাপ্পে। তার আগে আজ (বুধবার ৫ জুন) রাতে ফরাসিরা প্রীতি ম্যাচে লুক্সেমবার্গের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলবে। সেই ম্যাচ পূর্ববর্তী সংবাদ সম্মেলনে গতকাল হাজির হন ফ্রান্স অধিনায়ক এমবাপ্পে। সেখানে তিনি নাম প্রকাশ না করে কিছু মানুষের জন্য পিএসজিতে অসুখী থাকার কথা জানান। একইসঙ্গে জানান, পুরো সময়ই অসুখী ছিলেন না এমবাপ্পে।

তার মতে, 'পিএসজিতে আমি অসুখী ছিলাম না। অসুখী ছিলাম বললে যারা আমার পক্ষে ছিলেন তাদের মুখে চপেটাঘাত করা হবে। আমি সব সময়ই সুখী ছিলাম। কিন্তু নির্দিষ্ট কিছু বিষয় আমাকে অসুখী করেছে। তবে আমার মতো খেলোয়াড় তা প্রকাশ করতে পারে না, কারণ, আমি নেতাও, তাই যতটা সম্ভব ইতিবাচক থাকার চেষ্টা করেছি। কোচ, খেলোয়াড় ও ক্লাবের লোকজন আমাকে সমর্থন দিয়েছেন, তাই আমি অসুখী ছিলাম এটা বললে খারাপ দেখায়। কিন্তু কিছু বিষয় এবং কিছু মানুষ আমাকে অসুখী করেছে।'

কয়েক মৌসুম ধরেই পিএসজি ছাড়ার গুঞ্জন ছিল এমবাপ্পের। যা গত মৌসুমে আরও জোরালো হয়ে ওঠে। ওই সময় পিএসজির মালিক নাসের আল খেলাইফির সঙ্গে ফরাসি তারকার ঝামেলায় জড়ানোর খবরও বেরোয়। যা নিয়ে এমবাপ্পে বলেন, 'ক্লাব আমাকে জানিয়েছিল যে আমি খেলার সুযোগ পাব না। তারা কথাটা উগ্রভাবে আমার মুখের ওপর বলেছে। লুইস এনরিকে (পিএসজি কোচ) এবং লুইস কাম্পোস (স্পোর্টস ডিরেক্টর) আমাকে বাঁচিয়েছেন। তারা না থাকলে আমি আবারও মাঠে নামতে পারতাম না।'

এবারের মৌসুমে পিএসজির হয়ে ৪৮ ম্যাচে ৪৪ গোল করা এই ফরোয়ার্ড শেষদিকে প্রায় ম্যাচে খেলার সুযোগ পাননি। তা নিয়ে কিছুটা আক্ষেপও ঝরেছে তার কণ্ঠে, 'যারা খেলার সুযোগ পায় তারা খুশি থাকে, কিন্তু আমি যে পারফর্ম করেছি তা নিয়েও কারও অজুহাত থাকার কথা নয়। এটি আমার খেলার মান অনুযায়ী পর্যাপ্ত নয়। এটা ঠিক যে খেলতে পারা এবং ট্রফি জেতাই আমার জন্য গৌরবের, কিন্তু পরের মৌসুমটা এবারের মতো কাটাতে চাইব না।' একইসঙ্গে রিয়ালে যোগ দিতে পেরে 'আমি মুক্ত' বলেও উল্লেখ করেন এমবাপ্পে।

## ব্যালন ডি'অর কবে দেয়া হবে জানাল উয়েফা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ফুটবলের সবচেয়ে সম্মানজনক ব্যক্তিগত পুরস্কার ব্যালন ডি'অর প্রদানের দিনক্ষণ ঘোষণা করেছে উয়েফা। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই ঘোষণা দিয়েছে ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা।

এবারের ব্যালন ডি'অর অনুষ্ঠান হবে চলতি বছরের ২৮ অক্টোবর। বরাবরের মতোই প্যারিসের থিয়েটার ডু শাটালেটে অনুষ্ঠিত হবে বহুল প্রতীক্ষিত এই অনুষ্ঠান। এবারের অনুষ্ঠান ব্যালন ডি'অর পুরস্কারের ৬৮তম আয়োজন হতে যাচ্ছে।

এবারের আসরে পুরস্কার দেয়া হবে মোট ৯টি। মৌসুমের সেরা পুরুষ এবং নারী ফুটবলার পাবেন ব্যালন ডিঅর। সেরা উদীয়মান ফুটবলার পাবেন কোপা ট্রফি। সেরা গোলরক্ষক পাবেন ইয়াসিন ট্রফি। গার্ড মুলার তরফই পাবেন মৌসুমের সর্বোচ্চ গোলরদাতা। এছাড়া মৌসুম সেরা ক্লাবের পুরস্কার পাবে একটি পুরুষ এবং একটি নারী ক্লাব। এবার নতুন করে যোগ করা হচ্ছে সেরা কোচের পুরস্কার। পুরুষ এবং নারী ক্লাবের সেরা কোচের হাতে উঠবে এই পুরস্কার। সকল পুরস্কারের জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করা হবে সেপ্টেম্বরের ৪ তারিখ।

## উগান্ডা: নামে কী আসে যায়




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'বেশি কথা বললে উগান্ডায় পাঠিয়ে দেব।' 'কিরে উগান্ডা'- দেশটির নাম ঘিরে এমন বহু রসিকতা বাংলাদেশে প্রচলিত। কেউ মজা করে বন্ধুকে বলেনু মজা লুটেন। আবার কেউ রাগ ঝাড়তে ব্যবহার করেন এই দেশের নাম।

সম্প্রতি টি২০ বিশ্বকাপে প্রথমবারের মতো জায়গা পাওয়ার পরও সামাজিক যোগাযোগমাধ্যমে চলে উগান্ডা ট্রল। তারা দরিদ্র, তারা আফ্রিকার, তাদের অধিকাংশ বস্তিতে বেড়ে উঠেছেন; তার মানে এই নয়ু গেল গেল সব গেল। তারাও মানুষ, তাদেরও আবেগ-অনুভূতি আছে। হয়তো টানাটানির জীবনটা তাদের অসহ্য লাগে। কিন্তু আর ১০ দেশের মতো তারাও চায় ট্রফি নিয়ে নাচতে। যেমনটা বৃহস্পতিবার বিশ্বমঞ্চে নিজেদের প্রথম জয় পাওয়ার পর করেছে। নেচেগেয়ে সবাইকে যেন জানিয়ে দিয়েছে নামে কী আসে যায়। ক্রিকেট সবার খেলা, ক্রিকেট উপভোগের, আনন্দের। সেটাই বোধ হয় বোঝাতে চেয়েছেন উগান্ডার খেলোয়াড়রা। মাঠে ট্রফির রেপ্লিকা রেখে মনের সুখে জয়টা উদযাপন করেছেন। এই একটা জয় তাদের কাছে ট্রফি জয়ের চেয়ে কম কী!

উগান্ডার মানুষের কাছে ফুটবলই বেশি প্রিয়। কিন্তু সাধ আছে কিন্তু সাধ্য যে নেই। ফুটবলে অনেক বিনিয়োগ হয়। সেই তুলনায় আয় কম। সে জন্য ফুটবল ঢিমেতালে চালিয়ে যাওয়ার পাশাপাশি ক্রিকেটেও মন দিয়েছেন দেশটির নীতিনির্ধারকরা। কারণ ক্রিকেটে আয়টা বেশি। দু'বছর আগে অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপও খেলেছে উগান্ডা। এবার খেলছে টি২০ বিশ্বকাপ। দলের খেলোয়াড়দের সিংহভাগই ক্রিকেটের পাশাপাশি ভিন্ন কোনো পেশায় নিয়োজিত। না হলে যে তাদের পেট চলবে না। এই যেমন ক্রিকেটার জুমা মিয়াগির কথাই বলা যায়। উগান্ডার রাজধানী কাম্পালার এক বস্তিতে জন্ম তাঁর। ২২ আন্তর্জাতিক টি২০ খেলে ৩৬ উইকেট নিয়েছেন মিয়াগি। তাঁর সতীর্থ সিমন সেসাজি, ইনোসেন্ট মেওয়েবাজরাও উঠে এসেছেন বস্তি থেকে।

এদের সংগ্রাম, দুঃসময় আর টানাপোড়েনের দিনগুলো কাছ থেকে দেখেছেন উগান্ডার প্রধান কোচ অভয় শর্মা। বিশ্বকাপের আগে দেশটির ক্রিকেটের দায়িত্ব নেন এই ভারতীয়। মুম্বাইয়ের বাসিন্দা অভয় শর্মা জানেন বস্তির জীবনটা আসলে কেমন। কারণ এশিয়ার অন্যতম বড় বস্তি মুম্বাইয়ের ধারাভির মানুষের জীবনও তিনি নিজ চোখে দেখেছেন। তবে দুঃখ-কষ্টগুলো যতই নির্দয় হোক না কেন, উগান্ডাকে তিনি আপন করে নিয়েছেন দারুণভাবে। এই দলটাকে নিয়ে শর্মার স্বপ্নটাও বড়, 'এই দলটির অধিকাংশ ক্রিকেটারই উঠে এসেছে নিম্নবিত্ত পরিবার থেকে। যখন আমি তাদের দায়িত্ব নেব, তার আগেও জানতাম না ওরা কোন পরিবেশে বড় হয়েছে। যেখানে বেঁচে থাকার জন্যই লড়াই করতে হয়, সেখানে কিনা ক্রিকেট খেলেছে ওরা।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR